

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৩২

আগরতলা, ২ অক্টোবর, ২০২৪

**এমবিবি বিমানবন্দরে প্রিপেইড অটো ও ট্যাক্সি কাউন্টারের উদ্বোধন**  
**বিমানবন্দরে পরিবহণ পরিষেবার সাথে যুক্ত যানবাহন চালকদের**  
**ভালো ব্যবহারে রাজ্যের সুনাম বাড়ে : পরিবহণমন্ত্রী**

দেশ-বিদেশের বিমানযাত্রীরা যদি সঠিক সম্মান, ভালোবাসা ও পরিষেবা পান তবে রাজ্যের সম্মান বাড়বে। বিমানবন্দরে পরিবহণ পরিষেবার সাথে যুক্ত যানবাহন চালকদের ভালো ব্যবহারে রাজ্যের সুনাম বাড়ে। তবেই রাজ্যের আদব-কায়দা ও কৃষ্টি-সংস্কৃতি বিমানযাত্রীদের কাছে অনুভূত হবে। আজ আগরতলার এমবিবি বিমানবন্দরের টার্মিনাল ভবন প্রাঙ্গণে প্রিপেইড অটো ও ট্যাক্সি কাউন্টারের উদ্বোধন করে পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তাছাড়া পরিবহণমন্ত্রী প্রিপেইড অটো ও ট্যাক্সি চালকদের মধ্যে নতুন ইউনিফর্ম বিতরণ অনুষ্ঠানেরও উদ্বোধন করেন। অনুষ্ঠানে পরিবহণ দপ্তরের পক্ষ থেকে ৩১১ জন প্রিপেইড অটো চালক ও ৫৫ জন প্রিপেইড ট্যাক্সি চালকদের মধ্যে নতুন ইউনিফর্ম দেওয়া হয়।

প্রিপেইড অটো-ট্যাক্সি কাউন্টারের উদ্বোধন করে পরিবহণমন্ত্রী বলেন, ত্রিপুরায় প্রবেশের একটা অন্যতম এন্ট্রি পয়েন্ট হচ্ছে এমবিবি বিমানবন্দর। ৪৩৮ কোটি টাকা ব্যয় করে এই অত্যাধুনিক বিমানবন্দর নির্মাণ করা হয়েছে। এই বিমানবন্দরের মাধ্যমে রোজ প্রায় ৪ হাজার জন যাত্রী আসা যাওয়া করেন। এই বিমানবন্দর উত্তর পূর্বাঞ্চলের মধ্যে শ্রেষ্ঠ বিমানবন্দর ও দেশের ছোট বিমানবন্দরগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে। আগামীদিন এই বিমানবন্দরে উলা ও উবের ব্যবস্থাপনা চালুর চিন্তাভাবনা রয়েছে। পরিবহণমন্ত্রী বলেন, গতবছরও এমবিবি বিমানবন্দরের প্রিপেইড অটো চালকদের মধ্যে ইউনিফর্ম দেওয়া হয়েছিল। প্রতিশ্রুতি মতো এবছরও পুনরায় তাদের ইউনিফর্ম দেওয়া হলো। এখন থেকে প্রতিবছর দুর্গাপূজার আগে বিমানবন্দরের প্রিপেইড অটো ও ট্যাক্সি চালকদের নতুন ইউনিফর্ম দেওয়া হবে।

অনুষ্ঠানে ডিরেক্টর জেনারেল অব পুলিশ (ইন্টেলিজেন্স) অনুরাগ পরিবহণ দপ্তরের এই উদ্যোগকে ভূয়সী প্রশংসা করেন। তিনি রাজ্যবাসীকে ট্রাফিক আইন মেনে চলার আহ্বান জানান। এছাড়া বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি তথা এমবিবি বিমানবন্দরের অধিকর্তা কে সি মীনা। স্বাগত বক্তব্য রাখেন পরিবহণ দপ্তরের সচিব সি কে জমাতিয়া। উপস্থিত ছিলেন পশ্চিম জেলার পুলিশ সুপার ডা. কিরণ কুমার কে, ট্রাফিক দপ্তরের অতিরিক্ত পুলিশ সুপার সুদাম্বিকা আর প্রমুখ। অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী সহ অতিথিগণ প্রিপেইড অটো ও ট্যাক্সি চালকদের হাতে নতুন ইউনিফর্ম তুলে দেন। এছাড়া পরিবহণ মিত্র স্বেচ্ছাসেবিকা পায়েল পাল ও অন্তলীনা দাসের হাতে পরিবহণমন্ত্রী ইউনিফর্ম ও ২ হাজার টাকা করে পুজো বোনাস তুলে দেন। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন পরিবহণ দপ্তরের অতিরিক্ত সচিব ও পরিবহণ কমিশনার সুব্রত চৌধুরী।

\*\*\*\*\*